



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য অধিদপ্তর

মৎস্য ভবন, রমনা, ঢাকা

পরিকল্পনা শাখা

www.fisheries.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১১৪.০৮.০৮১.২০.১০১

তারিখ: ১১ পৌষ ১৪৩০

২৬ ডিসেম্বর ২০২০

বিষয়: বিদেশ প্রত্যাগত অভিবাসী কর্মীদের আত্মকর্মসংস্থানে সহযোগীতা প্রদান প্রসঙ্গে।

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০/১২/২০২০ তারিখের ৩৩.০০.০০০০.১০৮.৯৯.০০৪.২৩-১০৬৩ সংখ্যক স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড কর্তৃক বিদেশ প্রত্যাগত কর্মীদের সহায়তা প্রদানের নিমিত্ত “Recovery and Advancement of Informal Sector Employment (RAISE): Reintegration of Returning Migrants” শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে বিদেশ প্রত্যাগত ২ লক্ষ কর্মীকে আত্মকর্মসংস্থানের নিমিত্ত ক্যাশ ইনসেন্টিভসহ কারিগরি সহায়তা প্রদান করা হবে। এমতাবস্থায় মৎস্য অধিদপ্তরের বিভিন্ন আয়বর্ধক কর্মসূচি, প্রশিক্ষণ, কারিগরি ও আর্থিক সহায়তা প্রাপ্তিতে বিদেশ প্রত্যাগত কর্মীদের অন্তর্ভুক্তির অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড কর্তৃক গৃহীত প্রকল্পের মাধ্যমে প্রদানকৃত ক্যাশ ইনসেন্টিভ এর প্রাপ্ত টাকার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণে স্বল্প পরিসরে আধুনিক প্রযুক্তিতে মাছ চাষ, স্থানীয়ভাবে মৎস্যখাদ্য উৎপাদন, শুটকি উৎপাদন এবং ভ্যালু এ্যাডেড মৎস্যজাত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে আত্মকর্মসংস্থান সৃষ্টির অপার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে মৎস্য অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহ প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করবে। এছাড়াও মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহীতব্য উন্নয়ন প্রকল্পসমূহের সুফলভোগী নির্বাচনের ক্ষেত্রে প্রকল্পের নীতিমালা অনুসরণপূর্বক বিদেশ প্রত্যাগত কর্মহীন কর্মীদের অগ্রাধিকার দেওয়ার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা যেতে পারে। মৎস্য অধিদপ্তরের রাজস্ব খাত ও উন্নয়ন প্রকল্পের আওতায় জেলা ও উপজেলা পর্যায়ে পরিচালিত প্রশিক্ষণ ও আয়বর্ধক কর্মসূচিতে মাছচাষে আগ্রহী এবং চাষের উপযোগী জলাশয় (Resources) রয়েছে এমন অভিবাসী কর্মীদের অন্তর্ভুক্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

এমতাবস্থায় দেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসী কর্মীদের অবদানের বিষয়টি বিবেচনাপূর্বক মৎস্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের দপ্তরসমূহ কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ ও আয়বর্ধক কর্মসূচিতে বিদেশ প্রত্যাগত অভিবাসী কর্মীদের অন্তর্ভুক্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

চাঁপাইনবাবগঞ্জ

ডকেট নং-৩৩০ তারিখ-২৮/১২/২০ ফাইল নং- ১০৭

সিনিয়র সহকারী পরিচালক

সহকারী পরিচালক

উপ-সহকারী পরিচালক

মৎস্য জরিপ কর্মকর্তা

উপ-সহকারী পরিচালক

প্রধান সহকারী

অফিস সহকারী (কম. কর্মসূচির সুপ্রাথমিক)

অফিস সহকারী

নথিজাত করুন

পেশ করুন

আলাপ করুন

ব্যবস্থা গ্রহণ করুন

২৬-১২-২০২০

খঃ মাহবুবুল হক

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: ০২-২২৩৩৮২৮৬১

বিতরণ :

১) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর,
ঢাকা/চট্টগ্রাম/ময়মনসিংহ/রাজশাহী/বরিশাল/খুলনা/রংপুর/সিলেট
বিভাগ।

২) জেলা মৎস্য কর্মকর্তা (সকল)।

৩) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য
কর্মকর্তা (সকল)

ফ্যাক্স: ৯৫৬৮৩৯৩

ইমেইল: dg@fisheries.gov.bd

দৃষ্টি আকর্ষণঃ যুগ্মসচিব, প্রশাসন-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১১৪.০৮.০৮১.২০.১০১/১(২)

তারিখ: ১১ পৌষ ১৪৩০
২৬ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ:

১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

২) উপসচিব, উন্নয়ন শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

২৬-১২-২০২৩

খঃ মাহবুবুল হক

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ।
fisheries.chapainawabganj.gov.bd

পত্র নং-৩৩.০২.৭০০০.৪০০.৪৫.০০১.২১. ০৪

তারিখ: ১৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

প্রতিলিপি সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর, নাচোল, শিবগঞ্জ, গোমস্তাপুর, ভোলাহাট ও খামার
ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, আমনুরা, নাচোল চাঁপাইনবাবগঞ্জ এর নিকট প্রেরণ করা হলো। পত্রের মর্মানুযায়ী
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মাহবুবুর রহমান)

জেলা মৎস্য কর্মকর্তা

চাঁপাইনবাবগঞ্জ।

ফোন: ০২৫৮৮৮৯৩৪৮২

ই-মেইল: dfonawabgonj@fisheries.gov.bd